

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, সেপ্টেম্বর ২৯, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌপরিবহন মন্ত্রণালয়

টিএ শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ৯ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ/২৪ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

নং ১৮.০০.০০০০.০০০.০১৯.৯৯.০০১৯.২৬.৩৩৪—জ্বালানি তেলের মূল্য বৃদ্ধির কারণে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন (নৌরুট, পারমিট, সময়সূচি ও ভাড়া নির্ধারণ) বিধিমালা, ২০১৯-এর বিধি ২৭ মোতাবেক সরকার কর্তৃক নৌযানে যাত্রী পরিবহনের জন্য নিম্নরূপভাবে জনপ্রতি সর্বোচ্চ ও সর্বনিম্ন যাত্রীভাড়া পুনঃনির্ধারণ করা হলো:

- (ক) প্রথম ১০০ কিলোমিটার দূরত্বের জন্য প্রতি কিলোমিটারে জনপ্রতি যাত্রী ভাড়া ২.৯৫ টাকা হতে ০.২২ টাকা বৃদ্ধি করে ৩.১৭ টাকা;
- (খ) প্রথম ১০০ কিলোমিটারের অধিক দূরত্বের জন্য প্রতি কিলোমিটারে জনপ্রতি যাত্রী ভাড়া ২.৫২ টাকা হতে ০.১৯ টাকা বৃদ্ধি করে ২.৭১ টাকা;
- (গ) জনপ্রতি সর্বনিম্ন যাত্রী ভাড়া ৩২.০০ টাকা হতে ৩.০০ টাকা বৃদ্ধি করে ৩৫.০০ টাকা।

০২। এ ভাড়ার হার সকল নদী বন্দরের টার্মিনাল এবং নৌযানের দৃশ্যমান স্থানে আবশ্যিকভাবে প্রদর্শন করতে হবে।

০৩। নৌযানের ভাড়া নির্ধারণ সংক্রান্ত ইতিপূর্বে জারীকৃত সকল প্রজ্ঞাপন/আদেশ এতদ্বারা রহিত করা হলো।

০৪। জনস্বার্থে পুনঃনির্ধারিত এ ভাড়া ২৪-০৯-২০২৬ খ্রি. তারিখ থেকে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ছন্দা পাল

সিনিয়র সহকারী সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(২৫৫৮৩)

মূল্য : টাকা ৪.০০